

তানযীমুল উম্মাহ ফাউন্ডেশন  
ঢাকা, বাংলাদেশ

শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

১. বিজ্ঞপ্তির ওয়েবসাইট <https://www.tanzimulummah.org/>
২. অনলাইন/অফলাইন উভয় পদ্ধতিতে আবেদন করা যাবে।
৩. বিস্তারিত জানার প্রয়োজনে—জেনারেল বিভাগ : 01811 473338, 01855 955461; হিফয বিভাগ : 01998 855773

আবেদনের শর্তাবলি

৪. বিজ্ঞপ্তিতে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা অনুযায়ী সংশ্লিষ্ট পদে আবেদন করতে হবে।
৫. ০১ জানুয়ারি ১৯৯০ থেকে যাদের জন্ম, শুধু তারাই আবেদন করতে পারবেন।  
[সামরিক/আধাসামরিক বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যদের জন্য বয়সসীমা প্রযোজ্য নয়।]
৬. ইসলামের বিধিবিধান পালনে অনভ্যন্তদের আবেদন করার প্রয়োজন নেই।

আবেদন

৭. আবেদন জমা দেওয়ার শেষ তারিখ : ০৭ নভেম্বর ২০২৪
৮. অনলাইন আবেদন ফরম লিংক : <https://www.tanzimulummah.org/page/16/careers>
৯. ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি আবেদন পাঠানোর ঠিকানা—  
তানযীমুল উম্মাহ ফাউন্ডেশন  
বাড়ি ০৫, শাহ মাখদুম অ্যাভিনিউ, সেক্টর ১৪, উত্তরা, ঢাকা।
১০. আবেদন ফি ৩০০ টাকা (তিন শ) জমা দিতে হবে (IBB PLC, Uttara Br., AC 20502070202475501)।
১১. ১৩টি কেন্দ্রে একযোগে পরীক্ষা অনুষ্ঠিত হবে—  
ঢাকা, নারায়নগঞ্জ, নোয়াখালী, লক্ষ্মীপুর, ফেনী, চট্টগ্রাম, ময়মনসিংহ, সিলেট, রংপুর, বগুড়া, রাজশাহী, খুলনা ও বরিশাল।
১২. আবেদনকারী যে কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক সে কেন্দ্রের নাম আবেদনপত্রে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
১৩. পরীক্ষাসংক্রান্ত বিষয়াদির SMS পেতে আবেদনপত্রে অবশ্যই ১টি মোবাইল নম্বর লিখতে হবে।
১৪. আবেদনপত্রে উল্লিখিত প্রার্থীর মোবাইল ফোন নম্বরে পরীক্ষাসংক্রান্ত বিষয়াদি SMS করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখতে, SMS পাঠ করতে এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করার প্রতি মনোযোগী হতে হবে।
১৫. অনলাইনে আবেদনকারীগণকে লিখিত পরীক্ষার দিন আবেদনপত্রের সঙ্গে এবং ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি পাঠানো আবেদনকারীগণকে আবেদনপত্রের সঙ্গে উল্লিখিত ডকুমেন্টস জমা দিতে হবে—
  - ১৫.১ নিজ হাতে লেখা আবেদনপত্র
  - ১৫.২ শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের ফটোকপি
  - ১৫.৩ সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজ ছবি
  - ১৫.৪ জাতীয় পরিচয়পত্রের ফটোকপি
  - ১৫.৫ ১ জন ইসলামিক ব্যক্তিত্বের প্রত্যয়নপত্রের ফটোকপি
  - ১৫.৬ প্রয়োজ্য সনদসমূহের ফটোকপি (শিক্ষক নিবন্ধন/অভিজ্ঞতা/প্রশিক্ষণ/কৃতিত্ব ইত্যাদি)
  - ১৫.৭ আবেদন ফি জমার প্লিপ/রসিদ
১৬. উপরিউক্ত ডকুমেন্টস এর মূল কপি মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় সঙ্গে রাখতে হবে।

পরীক্ষা

১৭. SMS এর মাধ্যমে পরীক্ষার সময় ও কেন্দ্র জানানো হবে।
১৮. বিজ্ঞপ্তিতে বর্ণিত পদসংশ্লিষ্ট বিষয়ের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
১৯. ১০০ নম্বরের লিখিত পরীক্ষা ০২ (দুই) ঘণ্টায় অনুষ্ঠিত হবে।
২০. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য SMS দেওয়া হবে।

বেতন ও সযোগ-সুবিধা

| ক্রম | পদের ধরন   | কর্মঘণ্টা                | বেতন স্কেল         |
|------|--|--------------------------|--------------------|
| ১.   | হিফয মাদরাসার জেনারেল শিক্ষক (পার্ট টাইম)  | ০২ ঘণ্টা ৩০ মি.—৩ ঘণ্টা  | ৮,০০০—১২,০০০ টাকা  |
| ২.   | জেনারেল মাদরাসার শিক্ষক  | ০৫ ঘণ্টা ৩০ মি.—৬ ঘণ্টা  | ১২,০০০—১৫,০০০ টাকা |
| ৩.   | হিফয বিভাগের শিক্ষক [নূরানি/নাযেরা/হিফয]   | ১০ ঘণ্টা ৩০ মি.—১১ ঘণ্টা | ১২,০০০—২০,০০০ টাকা |
| ৪.   | ■ বিজ্ঞপ্তিতে পদের ক্রম ১২ ও ১৩ এর বেতন-ভাতা আলোচনাসাপেক্ষ।<br>■ আবাসিক/হোস্টেল সুবিধা রয়েছে। |                          |                    |